গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা
বাজেট ও অর্থ শাখা
www.fisheries.gov.bd

আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.০০০.১১৭.০১.০০০১.২৪.৫৭৬

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৬ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: নিরাপত্তা সেবা (ভাড়ার ভিত্তিতে) (৩২৫৩১০৩) খাতে আনসার নিয়োজিতকরণের পূর্বে অনুমোদন গ্রহণ প্রসংগে।**

সূত্র: বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং: ০৭.০০.০০০০.০০০.১০১.২০.০০২.২৫-৬৮০, তারিখ: ২৯/০৪/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিরাপত্তা সেবা (ভাড়ার ভিত্তিতে) (৩২৫৩১০৩) খাতে আনসার নিয়োজিতকরণের পূর্বে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে অনুমোদন গ্রহণ বাধ্যতামূলক। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে অনুমোদন গ্রহণ ব্যতিত কোন দপ্তর/প্রতিষ্ঠানের অনুকূলে আগামী ২০২৫-২৬ অর্থ বছরে নিরাপত্তা সেবা (ভাড়ার ভিত্তিতে) (৩২৫৩১০৩) আনসারদের বেতন ভাতা খাতে বাজেট বরাদ্দ প্রদান করা সম্ভব হবে না।

এমতাবস্থায়, জরুরি ভিত্তিতে মৎস্য অধিদপ্তরাধীন যেসকল প্রতিষ্ঠানে নিরাপত্তা সেবা (ভাড়ার ভিত্তিতে) (৩২৫৩১০৩) খাতে আনসার নিয়োজিত রয়েছে ঐসকল প্রতিষ্ঠানের আনসার নিয়োজিতকরণের যৌক্তিকতা এবং প্রয়োজনীয় আনসারের সংখ্যা আগামী ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতিব জরুরি।**

সংযুক্তি:

১. বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্র-১ কপি।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) অর্থনৈতিক কোডের যথাযথ ব্যবহার সংক্রান্ত পত্র MoF

০৬-০৫-২০২৫
মোঃ সাহেদ আলী
পরিচালক (চলতি দায়িত্ব)
০২২২৩৩৮৬৯৪৮
directorbudget@fisheries.gov.bd

পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.০০০.১১৭.০১.০০০১.২৪.৫৭৬/১ (৫)

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৬ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক/প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ), মৎস্য অধিদপ্তর,

মৎস্য ভবন, ঢাকা।

২। পরিচালক, ঢাকা বিভাগ, ঢাকা/রাজশাহী বিভাগ, রাজশাহী/চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/খুলনা বিভাগ, খুলনা/বরিশাল বিভাগ, বরিশাল/সিলেট বিভাগ, সিলেট/ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ/রংপুর বিভাগ, রংপুর।

৩। পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমী, সাভার, ঢাকা।

৪। উপপরিচালক/কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, ঢাকা/খুলনা/চট্টগ্রাম।

৫। প্রোগ্রামার, ই-সার্ভিস এন্ড ইনোভেশন শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৬-০৫-২০২৫

মোঃ আরিফুল ইসলাম

সহকারী পরিচালক (বাজেট ও অর্থ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.০০০.১০১.২০.০০০২.২৫-৬৮০ | তারিখ: ১৬ বৈশাখ ১৪৩২ / ২৯ এপ্রিল ২০২৫

বিষয়: **বাজেট প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে কতিপয় অর্থনৈতিক কোডের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।**

ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, ৩২১১১০৪-আনুষঙ্গিক কর্মচারী/প্রতিষ্ঠান', '৩২১১১০৯-সাকুল্য বেতন (সরকারি কর্মচারী ব্যতীত)', '৩২১১১৩১-আউটসোর্সিং', '৩২১১১৩৪-শ্রমিক (অনিয়মিত) মজুরি' বিষয়ক অর্থনৈতিক কোডসমূহের বিপরীতে অর্থ বরাদ্দ ও ব্যয়ের ক্ষেত্রে জারিকৃত নীতিমালা/পরিপত্র/অফিস স্মারক-এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না। তাছাড়া, একই ধরণের কাজের জন্য বর্ণিত একাধিক কোডে অর্থ বরাদ্দ রাখাসহ যে কোডে বরাদ্দ রাখার সুযোগ নেই সেই কোডের বিপরীতেও বরাদ্দ রাখা হচ্ছে, যা আর্থিক শৃঙ্খলার পরিপন্থী।

০২। সীমিত সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ এবং আর্থিক শৃঙ্খলা রক্ষার্থে পরিচালন ও উন্নয়ন বাজেট প্রণয়ন ও বাস্তবায়নে উপরে বর্ণিত অর্থনৈতিক কোডসমূহ ব্যবহারের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয় অনুসরণীয়:

(ক) অর্থ বিভাগ কর্তৃক বিগত ১৫.০৪.২০২৫ তারিখের ১৭৮ সংখ্যক স্মারকে **"আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫"** জারি করা হয়। এছাড়া, একই তারিখের ১০০ সংখ্যক স্মারকে **"দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫"** জারি করা হয়। উক্ত নীতিমালা দু'টিতে যথাক্রমে সেবা ক্রয় এবং জরুরি কার্য সম্পাদনে সম্পূর্ণরূপে সাময়িকভাবে দৈনিক ভিত্তিতে শ্রমিক নিয়োজিতকরণের বিষয়ে সুস্পষ্ট দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। এ দুটি নীতিমালা অনুসরণে সেবা ক্রয় এবং দৈনিক ভিত্তিতে শ্রমিক নিয়োজিত করতে হবে। উল্লেখ্য, দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ সেবা ক্রয়ের অন্তর্ভুক্ত নয় এবং দুটি নীতিমালার উদ্দেশ্যও ভিন্ন।

(খ) পরিচালন বাজেটের আওতায় সাকুল্য বেতনে নিয়োজিত জনবলের (প্রাধিকারভুক্ত প্রিভিলেজ স্টাফ ও চুক্তিভিত্তিক) ব্যয় 'সাকুল্য বেতন (সরকারি কর্মচারী ব্যতীত)' খাত হতে নির্বাহ হবে। যেহেতু, তাঁরা সরকারি কর্মচারী হিসেবে নিয়োজিত নন; সেহেতু, তাঁদেরকে প্রযোজ্য বিধি-বিধান ও নিয়মাচার অনুসারে বেতন ভাতাদির সমন্বয়ে সাকুল্য বেতন প্রদান করতে হবে।

(গ) আনুষঙ্গিক কর্মচারী সরকারের নিয়মিত রাজস্বভুক্ত কর্মচারী হিসাবে নিয়োগপ্রাপ্ত না হয়ে নির্দিষ্ট কোনো কার্য সম্পাদনে স্কেলের বিপরীতে নিয়োগপ্রাপ্ত হয়ে থাকেন। এদের মধ্যে যাদের চাকরি নিয়মিতকরণ হয়েছে শুধুমাত্র তাঁদের বেতন-ভাতা বাবদ ব্যয় এ কোডের বিপরীতে হিসাবভুক্ত করতে হবে। প্রসঙ্গক্রমে উল্লেখ্য, জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিগত ২০.০২.১৯৯০ তারিখের ১৭(৫০) সংখ্যক স্মারক অনুসারে নতুনভাবে কন্টিনজেন্ট/ওয়ার্কচার্জড পদে নিয়োগ প্রদান করার কোন সুযোগ নেই।

০৩। বর্ণিত অর্থনৈতিক কোডসমূহের বিপরীতে অর্থ বরাদ্দ ও ব্যয়ের ক্ষেত্রে উপরিউক্ত নির্দেশনা প্রযোজ্য/অনুসরণীয় হবে। একই ধরণের কাজের জন্য ভিন্ন ভিন্ন কোডের বিপরীতে বরাদ্দ না রেখে সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক প্রাপ্যতা অনুযায়ী এ সংক্রান্ত প্রয়োজনীয় অর্থের সংকুলান সংশ্লিষ্ট অর্থবছরের বাজেটে নির্দিষ্ট কোডের বিপরীতে অন্তর্ভুক্ত করতে হবে।

০৪। উপর্যুক্ত নির্দেশনার আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিতকরণসহ তাঁর মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর এবং অধীনস্থ সংস্থাকে বাজেট প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭/৪/২৫

(বিলকিস জাহান রিমি)
অতিরিক্ত সচিব
ফোন: +৮৮০২-৯৫১১০৫০
ই-মেইল: bilquisrimi@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)